

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
(সংস্থা প্রশাসন শাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৮.১৬-১০

তারিখঃ ২৩ মাঘ, ১৪২৪ বঃ  
০৫ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ

প্রাপকঃ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
রৌমারী, কুড়িগ্রাম।

বিষয়ঃ জনাব মোঃ লিয়াকত আলী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রৌমারী, কুড়িগ্রাম-এর মাসিক পেনশন ও ৮০% আনুতোষিক মঞ্জুরি।


সূত্রঃ খাদ্য অধিদপ্তরের পত্র নং- ১৩.০১.০০০০.০৩৪.১৩.০২৫.১৬-৫৬ তারিখঃ ২৫/০১/২০১৮ খ্রিঃ।  
জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ লিয়াকত আলী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রৌমারী, কুড়িগ্রাম-এ মন্ত্রণালয়ের ১৭/০৪/২০১৬ খ্রিঃ তারিখের ২৩২ নং প্রজ্ঞাপন মূলে বিগত ০৭/০৩/২০১৬ খ্রিঃ হতে ০৬/০৩/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অবসর উত্তর ছুটি ভোগ শেষে বিগত ০৭/০৩/২০১৭ খ্রিঃ তারিখে চূড়ান্তভাবে অবসর গ্রহণ করেন। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মকর্তা পেনশন ফরম ২.১ পূরণপূর্বক প্রাপ্য আনুতোষিকসহ মাসিক নীট পেনশন মঞ্জুরির জন্য আবেদন করেন। খাদ্য অধিদপ্তরের প্রস্তাবমতে তাঁর নিকট কোন পাওনা নেই, তবে ০২ (দুই) টি কর্মস্থলের না-দাবী সনদ না পাওয়ায় পেনশন সহজীকরণ নীতিমালা, ২০০৯ এর ২.১২ অনুচ্ছেদ অনুযায়ী তার প্রাপ্য আনুতোষিক হতে ২০% স্থগিত রেখে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নের শর্ত মোতাবেক অবশিষ্ট ৮০% আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের মঞ্জুরি জ্ঞাপন করছিঃ

- (ক) তাঁর নিকট ভবিষ্যতে সরকারের কোন পাওনা উত্থাপিত হলে তিনি বা তাঁর উত্তরাধিকারীগণ তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।  
(খ) খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হিসাব বিবরণী অনুযায়ী তিনি ৮০% আনুতোষিক বাবদ ৩২,২০,০৯২/- (বত্রিশ লক্ষ বিশ হাজার বিরানস্বই টাকা) ও মাসিক পেনশন বাবদ ১৭,৫০০/৫০ (সতের হাজার পাঁচশত টাকা পঞ্চাশ পয়সা) প্রাপ্য বলে ধার্য করা হয়েছে, তা প্রদানের জন্য পেনশন ফরম ২.১ এর তৃতীয় অংশে মঞ্জুরকারী কর্তৃপক্ষ স্বাক্ষর প্রদান করেছেন।
- ২। জনাব মোঃ লিয়াকত আলী এর প্রাপ্য আনুতোষিক ও মাসিক নীট পেনশন পরিশোধের জন্য পিপিও বহিঃ জারি করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।
- ৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।
- ৪। এ সংক্রান্ত নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করা হলোঃ-

(ক)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে চূড়ান্ত না-দাবী সনদ	১ (এক) কপি
(খ)	নির্ধারিত পেনশন আবেদন ফরম ২.১	১ (এক) কপি
(গ)	সংশ্লিষ্ট কর্মকর্তার ছবি	১ (এক) কপি
(ঘ)	সংশ্লিষ্ট কর্মকর্তার শেষ বেতনের সনদ (ই,এল,পি,সি) (সংযোজনী-১)	১ (এক) কপি
(ঙ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অবসর আদেশ	১ (এক) কপি
(চ)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বিবরণী	১ (এক) কপি
(ছ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র (সংযোজনী-২)	১ (এক) কপি
(জ)	সংশ্লিষ্ট কর্মকর্তার নমুনা স্বাক্ষর ও পঁচ অংগুলির ছাপ (সংযোজনী-৬)	১ (এক) কপি
(ঝ)	সংশ্লিষ্ট কর্মকর্তার বিষয়ে সর্বশেষ কর্মস্থলের না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)	১ (এক) কপি
(ঞ)	সংশ্লিষ্ট কর্মকর্তার অঙ্গীকার নামা	১ (এক) কপি
(ট)	সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি খতিয়ান বহি (মূল খন্ড)	১ (এক) কপি

সংযুক্তিঃ বর্ণনামতে



(মোহাম্মদ হেলাল উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০১১২

sasestabadmin@mofood.gov.bd

তারিখঃ ২৩ মাঘ, ১৪২৪ বঃ

০৫ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিঃ

নং-১৩.০০.০০০০.০২২.১৩.০০৮.১৬-১৬

৬৫/১(৭)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
২-৩। পরিচালক (প্রশাসন/হিসাব ও অর্থ), খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়, ১৬, আব্দুল গনি রোড, ঢাকা।  
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।  
৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুড়িগ্রাম।  
৭। প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় - মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রজ্ঞাপনটি প্রকাশের জন্য।  
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রৌমারী, কুড়িগ্রাম।  
৯। জনাব মোঃ লিয়াকত আলী, প্রাক্তন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রৌমারী, কুড়িগ্রাম; বর্তমান ঠিকানাঃ গ্রাম-আপুয়ার ঝাড়া, পোস্ট-পান্ডুল, উপজেলা-উলিপুর, জেলা-কুড়িগ্রাম।

(মোহাম্মদ হেলাল উদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

০৫.০২.১৮